# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ৭ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার
প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ২৯/০৪/২০২৫ খ্রি.
সময় : বেলা : ১১-০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ১৮/০৩/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:-

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ-**<br><br>সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে লাইসেন্স শাখাকে আরো গতিশীল করতে হবে এবং সকল ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে এন্ট্রি করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন বকেয়া লাইসেন্স নবায়নের বিষয়ে আরো গুরুত্ব দিতে হবে। সভায় উপস্থিত দিল আরা চৌধুরী, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা ইজিবাইক লাইসেন্স প্রদান প্রসঙ্গে জানতে চাইলে সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন রাজনৈতিক পটপরিবর্তন ও সময় সল্পতার কারনে ২০২৪-২৫ অর্থবছরের ইজিবাইক লাইসেন্স প্রদান করা সম্ভব নয় মর্মে প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত কমিটির সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে ২০২৪-২৫ অর্থবছরের জন্য ইজিবাইক লাইসেন্স প্রদান না করার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং সকল ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে এন্ট্রি করার জন্য লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশকে নির্দেশনা দেন। লাইসেন্স পরিদর্শক সভায় জানান মার্চ/২০২৫ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৫৬টি এবং আয় হয়েছে ১,২৬,৫৭৫/-টাকা। | সকল ব্যবসায়ীগণের ডাটা কম্পিউটারে এন্ট্রি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন জেলা পরিষদ সংলগ্ন পানির পাম্পটি মেরামত করার জন্য এডিবি এর মাধ্যমে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রস্তাব করেন যা গত মাসে জেলা সমন্বয় সভায় সিদ্ধান্ত হয়েছে। সভায় সর্বসম্মতিক্রমে উক্ত কাজ RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। কোভিড-১৯ প্রকল্প হতে ৪.৫৮ কোটি টাকার ৪টি প্যাকেজ অনুমোদন পাওয়া গিয়েছে। সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, বলেন বড় বাজারের সেড সংস্কার করা দরকার। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন সংশ্লিষ্ট বাজারের ইজারালব্ধ অর্থের মাধ্যমে | পানির পাম্প এডিবি এর মাধ্যমে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করা এবং বড় বাজারের সেড জরুরী ভিত্তিতে সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বর্ণিত সংস্কার কাজ বাস্তবায়ন করা হবে।<br><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন ভবন নির্মাণের ক্ষেত্রে অনুমোদন অনুযায়ী হচ্ছে কিনা সেদিকে নিয়মিত তদারকি করার জন্য নক্সাকার ও পৌর সার্ভেয়ারকে নির্দেশনা দেন। কেদারগঞ্জ পাড়ায় পৌর প্ল্যান বহিভূত প্রাচীর নির্মাণ করার জন্য নোটিশ করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান মার্চ' ২০২৫ মাসে নক্সা অনুমোদন হয়েছে ০০টি ও দাখিল হয়েছে ১৬টি। মার্চ'২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ২,০৯,৩৭০/-টাকা। পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন মার্চ' ২০২৫ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ০৬টি এবং আয় হয়েছে ১৮,০০০/-টাকা। | | |
| ০৪ | **পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা। পৌরসভার মার্চ'২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, মার্চ'২৫ মাসের মোট পানি শাখার আয় ৩৭,৪৩,০৮৫.০০ টাকা ও ব্যয় ৪০,১২,৪৯৮.০০ টাকা সমাপনি জের (-) ৬৯,৪১৩.০০ টাকা এবং রাজস্ব খাতের আয় ১,১৫,৯৪,১০২.৩৭ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ১,১১,৫৮,৮৭৮.০০ টাকা সমাপনি জের ৪,৩৫,২২৪.০০ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | **পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-**<br><br>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে অত্র পৌরসভার এসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম সভায় জানান যে, মার্চ/২৫ মাসে আদায় হয়েছে ৪৩,৯৪,২২৭.০০ টাকা। অর্ন্তবর্তীকালীন ০৩টি নতুন হোল্ডিং কর ধার্য্য করা হয়েছে। টাকার পরিমাণ= ১,৩৫০/-টাকা। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব, এম. সাইফুল্লাহ বলেন পৌরকর আদায়ের জন্য স্ব-স্ব ওয়ার্ড ভিত্তিক বকেয়া তালিকা অনুযায়ী আদায়ের জন্য নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বকেয়া কর আদায়ের ক্ষেত্রে সকল কর আদায়কারীকে তৎপর হওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়। | পৌরকর আদায়ের জন্য স্ব-স্ব ওয়ার্ডে টিমের মাধ্যমে আদায়ের ব্যবস্থা করতে হবে। বকেয়া তালিকা অনুযায়ী বকেয়া কর আদায়ের জন্য আদায়কারীকে তৎপর হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর/কর শাখা |
| ০৬ | **স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-**<br><br>সভায় উপস্থিত জনাব অহিন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম সভায় জানান যে, মার্চ'২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ২৬৩টি পুরুষ=১২২ ও মহিলা=১৪১ এবং মৃত্যু নিবন্ধন হয়েছে ৩২টি পুরুষ=১৯ ও মহিলা=১৩। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, জন্ম নিবন্ধন দেওয়ার বিষয়ে আরো জোরালো ভূমিকা পালন করার নির্দেশ দেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ফিলাপ করার জন্য সংশ্লিষ্ট শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা দেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ফিলাপ করার জন্য সংশ্লিষ্ট শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয় | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৭ | **ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা:-**<br><br>ক) সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে ক্লিনিক ও ডায়াগনিষ্টি সেন্টারের অনাপত্তিপত্র ও চুক্তিপত্র দেওয়ার ক্ষেত্রে স্যানিটারী ইন্সপেক্টরকে সরেজমিনে তদন্ত প্রতিবেদন দাখিল করার নির্দেশনা দেন। নির্দেশনা মোতাবেক সভায় উপস্থিত কমিটির সকল সদস্য এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) মার্চ-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ৩৬৪টি, ছাগল ১৪৭৬টি। | পৌর এলাকার মধ্যে ক্লিনিক ও ডায়াগনিষ্টি সেন্টারের অনাপত্তিপত্র ও চুক্তিপত্র দেওয়ার ক্ষেত্রে স্যানিটারী ইন্সপেক্টরকে সরেজমিনে তদন্ত প্রতিবেদন দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | সেনেটারী ইন্সপেক্টর |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৮ | **খ) টিকাদান কর্মসূচী সর্ম্পকে আলোচনাঃ-**<br><br>খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন মার্চ/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- বিসিজি-২১১টি, পেন্টা-১, ২১১টি, পেন্টা-২, ১৯২টি, পেন্টা-৩, ২১০টি, পোলিও-১, ২১১টি, পোলিও-২, ১৯২টি, পোলিও-৩, ২১০টি, পিসিভি-১, ২১১টি, পিসিভি-২, ১৯২টি, পিসিভি-৩, ২১০টি, এম আর-১, ২০৮টি, এম আর-২, ১৩২টি, আইপিভি-১, ২১১টি, আইপিভি-২, ২১০টি, টিডি- ১, ৬০টি, টিডি-২, ৮১টি, টিডি-৩, ৯৭টি, টিডি-৪, ৭৪টি, টিডি-৫, ৯৬টি প্রদান করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ টিকাদান কার্যক্রমের কাজ গুরুত্ব সহকারে পালনের জন্য সবাইকে দিক নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের জন্য টিকাদান সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করেন। | টিকাদান কার্যক্রমের কাজ গুরুত্ব সহকারে পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | **গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনাঃ**<br><br>সভায় উপস্থিত জনাব দিলআরা চৌধুরী, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা সদর হাসপাতাল ও চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের পাশে ড্রেন ও সামনের রাস্তা নিয়মিত ভাবে পরিস্কার করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন পৌরসভার পাশের রাস্তার উপর নির্মাণ সামগ্রী অপসারণ, ঈদগাহ রোডের ময়লা পরিস্কার করার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার উক্ত কাজ যথা সময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। | চুয়াডাঙ্গা সদর হাসপাতাল ও চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের পাশে ড্রেন ও সামনের রাস্তা নিয়মিত ভাবে পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ/কঞ্জারভেন্সী শাখা |
| ০৯ | **পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনাঃ**<br><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে মার্চ/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৭টা, পুনঃ সংযোগ ০৪টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-১৪টা (খেলাপি গ্রাহক), ২৪-২৫ অর্থ বছরে জুন/২৫ পর্যন্ত মোট দাবী=২,৮৬,৬১,৬৩৭/-টাকা। '২০২৫ইং পর্যন্ত মোট আদায় =১,৮১,৯৭,৯০৪/-টাকা, বকেয়া দাবী=৪৭,২০,৭০৪/-টাকা, মার্চ'২০২৫ মাসে বকেয়া সহ আদায়=২২,৩১,০৭৯/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫১১৩ টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৮৬১ (কর্তন ১১৮২) মোট মটর গ্রাহক সংখ্যা ৮৮৮ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পানি শাখার কার্যক্রম আরও গতিশীল করা জন্য পানি শাখার দায়িত্বরত প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামানকে নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম গতিশীল করার জন্য পানি শাখায় কর্মরত সবাইকে আরও দায়িত্বশীল হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |
| ১১ | বিবিধঃ-<br>ক) এলজিইডি, চুয়াডাঙ্গা স্মারক নং-৪৬.০২.১৮০০.০০০.৯৯.০৫০.২২-৫৩৪, তারিখঃ ১৩/০৪/২০২৫ চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন চুয়াডাঙ্গা পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের জন্য আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহন বিষয়ে আলোচনাঃ<br><br>সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন যে পৌরসভা পরিচ্ছন্ন কর্মীদের জন্য আবাসিক ভবন নির্মাণ এর উদ্দেশ্যে ভূমি অধিগ্রহন প্রয়োজন। সভায় উপস্থিত জনাব মোঃ জাহাঙ্গীর আলম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন পরিচ্ছন্নতা কর্মীদের জন্য অতিস্বল্প সময়ের মধ্যে জমি অধিগ্রহনের জন্য ইতিমধ্যে জেলা প্রশাসক কর্তৃক পত্র প্রেরণ করা হয়েছে। তার ধারাবাহিকতায় জমি অধিগ্রহনের জন্য জমি নির্বাচিত করা দরকার। পরিশেষে সভায় উপস্থিত কমিটির সকল | ক) পরিচ্ছন্নতা কর্মীদের জন্য জমি অধিগ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সদস্যদের সম্মতিক্রমে উক্ত পরিচ্ছন্নতা কর্মীদের জন্য জমি অধিগ্রহনের সিদ্ধান্ত হয়। | | |
| | খ) সকল প্রকার সনদ অনলাইনে প্রদান এবং ওয়ারিশ সনদ জালিয়াতির জন্য মামলার বিষয়ে আলোচনা:<br><br>পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম ওয়ারিশ সনদ জালিয়াতির কারনে পৌরসভা কর্তৃক সকল ধরণের প্রত্যয়ন অনলাইন করার জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌরসভার স্মারক ও স্বাক্ষরজাল করে ওয়ারিশ সনদ প্রদানকারীর বিরুদ্ধে উকিল নোটিশ প্রদানের বিষয়ে আলোচনা করেন। | | প্রশাসন শাখা ও সাভেয়ার |
| | গ) আদায়কারীদের বিভিন্ন ধরণের প্রত্যয়ন যাচাই-বাছাই ও পৌরকর আদায়ের স্বার্থে তেল খরচ বিষয়ে আলোচনা:<br>সভায় উপস্থিত এসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম বলেন আদায়কারীদের পৌরকর আদায়ের স্বার্থে এবং বিভিন্ন ধরণের প্রত্যয়ন তদন্ত করার জন্য বিভিন্ন মহল্লায় যেতে হয়। সেক্ষেত্রে তাদেরকে যাতায়াত বাবদ তেল খরচ প্রদান করা প্রয়োজন। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক (স্মারক নং-পৌর-৩ স্থাবি-বিবিধ/১০/৯৫/৮১৬, তারিখ: পরিপত্রে মোটর সাইকেল বাবদ প্রতিদিন ১(এক) লিটার হারে তেল খরচের বিধান রয়েছে। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন আদায়কারীদের তেল খরচ প্রদান করলে কাজের গতি বাড়বে সেক্ষেত্রে প্রত্যেক আদায়কারীকে মাসে ০৫(পাঁচ) লিটার জ্বালানী তেল প্রদান করার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে তা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত হয়। | গ) আদায়কারীদের বিভিন্ন ধরণের প্রত্যয়ন যাচাই-বাছাই ও পৌরকর আদায়ের স্বার্থে মাসে ০৫ (পাঁচ) লিটার জ্বালানী তেল প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ ও মঙ্গল কামনা সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২২/০৫/২৫
(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/৬৯৭(১৩) তারিখ: ২২/০৫/২০২৫খ্রি.

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭

৫-১৩। জনাব.............................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

২২/০৫/২৫
(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা